



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

যুব ও ক্রীড়া মন্ত্রণালয়

ক্রীড়া-১ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

[www.moysports.gov.bd](http://www.moysports.gov.bd)



স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৭১.১৪.০০৪.২২.২০৬

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০

২৮ মার্চ ২০২৪

বিষয়: থাইল্যান্ডের নাখন নাযক শহরে ২য় চেস কেড নাখুন নাযক ইন্টারন্যাশনাল চ্যালেঞ্জ ২০২৪ ও থাইল্যান্ডে ফেচচাবুরির হয়া হিন শহরে ২১তম ব্যাংকক চেস ক্লাব ওপেন দাবা চ্যাম্পিয়নশিপ ২০২৪ এ প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের জন্য জাতীয় ক্রীড়া পরিষদের দাবা প্রশিক্ষক (গ্রেড-৩) আন্তর্জাতিক মাস্টার জনাব আবু সুফিয়ান শাকিলকে সরকারী অনুমতি প্রদান

সূত্র: ৩৪.০৩.০০০০.০০০.৬১.০০৫.২২.৪৯; তারিখ: ২৫ মার্চ ২০২৪

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫-০৯ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত ২য় চেস কেড নাখুন নাযক ইন্টারন্যাশনাল চ্যালেঞ্জ ২০২৪ থাইল্যান্ডের নাযক শহরে অনুষ্ঠিত হবে। এছাড়া আগামী ১৩-২১ এপ্রিল ২০২৪ পর্যন্ত ২১তম ব্যাংকক চেস ক্লাব ওপেন দাবা চ্যাম্পিয়নশিপ ২০২৪ থাইল্যান্ডের ফেচচাবুরির হয়া হিন শহরে অনুষ্ঠিত হবে। উক্ত প্রতিযোগিতাদ্বয়ে প্রশিক্ষক হিসাবে দায়িত্ব পালনের জন্য জাতীয় ক্রীড়া পরিষদের দাবা প্রশিক্ষক (গ্রেড-৩) আন্তর্জাতিক মাস্টার জনাব আবু সুফিয়ান শাকিল-এর অনুকূলে ০৬-২১ এপ্রিল ২০২৪ তারিখ পর্যন্ত থাইল্যান্ড সরকারি অনুমতি নির্দেশক্রমে প্রদান করা হলোঃ

শর্তসমূহ:

- তাঁর ভ্রমণের সফরের যাবতীয় ব্যয় বাংলাদেশ দাবা ফেডারেশন বহন করবে। এতে জাতীয় ক্রীড়া পরিষদ বা বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লেষ নেই;
- অংশগ্রহণকারীকে প্রযোজ্য ক্ষেত্রে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট থেকে অনুমতি গ্রহণ করতে হবে;
- অনুমোদিত সময়ের অধিককাল বিদেশে অবস্থান করা যাবে না; এবং
- বিদেশ সফর শেষে প্রত্যাবর্তনের ১৫ দিনের মধ্যে খেলার অর্জন সম্পর্কে জাতীয় ক্রীড়া পরিষদের মাধ্যমে মন্ত্রণালয়ে প্রতিবেদন দিতে হবে।

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৮-৩-২০২৪

এস. এম. হুমায়ুন কবির

সহকারী সচিব

ফোন: +৮৮-০২-৫৫১০১৩৮৬


সচিব

স্মারক নম্বর: ৩৪.০০.০০০০.০৭১.১৪.০০৪.২২.২০৬/১(১৫)

তারিখ: ১৪ চৈত্র ১৪৩০  
২৮ মার্চ ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১) সিনিয়র সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা। (নোট-ভারবেল ইস্যুকরণের অনুরোধসহ)
- ২) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩) সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) মান্যবর রাষ্ট্রদূত, থাইল্যান্ড দূতাবাস, বাংলাদেশ।
- ৫) মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, থাইল্যান্ড
- ৬) মহা-পুলিশ পরিদর্শক, পুলিশ ভবন, ঢাকা।
- ৭) মহা-পরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, সেগুনবাগিচা, ঢাকা।
- ৮) মহাপরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা।
- ৯) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ১০) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
- ১১) বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রক, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
- ১২) নির্বাহী পরিচালক, হয়রত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
- ১৩) সহকারী প্রোগ্রামার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ১৪) সাধারণ সম্পাদক, বাংলাদেশ দাবা ফেডারেশন, ঢাকা
- ১৫) অফিস কপি, ।



২৮-৩-২০২৪

এস. এম. হুমায়ুন কবির  
সহকারী সচিব